

তাহিরপুরের দুই স্কুলে নেই উচ্চতর গণিত : বিপাকে বিজ্ঞান শিক্ষার্থীরা

প্রতিনিধি, তাহিরপুর (সুনামগঞ্জ)

সুনামগঞ্জের তাহিরপুর উপজেলার তাহিরপুর সরকারী উচ্চ বিদ্যালয় ও বালিকা উচ্চ বিদ্যালয়ে বিজ্ঞান শাখা থাকলেও উচ্চতর গণিত বিষয়টি পড়ানো হয় না। দুটি বিদ্যালয়ই তাহিরপুর উপজেলা সদরে অবস্থিত। ছাত্র অভিভাবকদের অভিযোগ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান শাখায় উচ্চতর গণিত বিষয় না থাকায় উচ্চ মাধ্যমিকে ভর্তি হতে গিয়ে শিক্ষার্থীরা পড়ছে নানামুখী সমস্যায়। তাহিরপুর বালিকা উচ্চ বিদ্যালয়ের ছাত্র অভিভাবক বাবরুল হাসান বাবলু জানান, তার মেয়ে ২০১৩ সালে এএসসি পরীক্ষায় তাহিরপুর বালিকা উচ্চ বিদ্যালয় থেকে বিজ্ঞান শাখায় কৃতকার্য হয়। কিন্তু বিজ্ঞান শাখায় তার মেয়ের উচ্চতর গণিত বিষয়টি না থাকায় উচ্চ মাধ্যমিকে ভর্তি হতে গিয়ে, তাকে পড়তে হয়েছে নানামুখী সমস্যায়। অপরদিকে তাহিরপুর বালিকা উচ্চ বিদ্যালয়ে নবম শ্রেণী পড়ায় ছাত্রী নুসরাত জাহান রিমঝিম অনার্স চলে যায়। তার অভিভাবক শামছুল আলম জানান, বিজ্ঞান শাখায় উচ্চতর গণিত বিষয় না থাকলে এ বিভাগে পড়ার কোন অর্থ নাই তাই মেয়েকে অন্যত্র ভর্তি করিয়েছি। খোঁজ নিয়ে জানা যায়, তাহিরপুর বালিকা উচ্চ বিদ্যালয় ১৯৮৮ সালে প্রতিষ্ঠা হয়। প্রতিষ্ঠার পর, নবম শ্রেণী হতে মানবিক, হিসেব বিজ্ঞান ও বিজ্ঞান বিভাগ চালু হলেও উচ্চতর গণিত বিষয়টি কখনো চালু করা হয়নি। বর্তমানে তাহিরপুর বালিকা উচ্চ বিদ্যালয়ে নবম শ্রেণীতে বিজ্ঞান শাখায় রয়েছে ১১ জন এবং দশম শ্রেণীতে রয়েছে ১৫ জন। কিন্তু দুটি শ্রেণীর শিক্ষার্থীদের মধ্যে একজনও নেই যারা উচ্চতর গণিত বিষয়টি নিয়েছে। ক্যান এ বিষয়টি চালু করা হয়নি তা আজো অস্পষ্ট ছাত্র অভিভাবকদের কাছে। তাহিরপুর বালিকা উচ্চ বিদ্যালয়ের নবম শ্রেণীর ছাত্রী সায়মা আলম ভুক্তি জানান, বিদ্যালয়ে উচ্চতর গণিত না থাকায় সে বাধ্য হয়ে জীব বিজ্ঞান নিয়ে পড়ছে। তাহিরপুর বালিকা উচ্চ বিদ্যালয়ের বিজ্ঞান শিক্ষক সৌরভ আহমেদ বলেন বিদ্যালয়ে উচ্চতর গণিত পড়ানো হলে আমার কোন সমস্যা নেই আমি পড়াতে পারবো। বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইয়াহিয়া ভালুকদার বলেন, ছাত্ররা উচ্চতর গণিত পড়তে চায়না তাই আমরা এটি চালু করিনি।

অপরদিকে তাহিরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ে ২০১২ সালের পর থেকে উচ্চতর গণিত বিষয়টি বিজ্ঞান শাখায় অতিরিক্ত বিষয় হিসেবে নাম মাত্র আছে। তাহিরপুর সরকারী উচ্চ বিদ্যালয় একমাত্র বিজ্ঞান শিক্ষক আব্দুল করিম বলেন, অতিরিক্ত বিষয় হিসেবে উচ্চতর গণিত আছে, নিয়মিত শিক্ষক না থাকায় বিষয়টি নিতে অনেকেই ঘিণা প্রকাশ করে। তাহিরপুর সরকারি উচ্চ বিদ্যালয় প্রধান শিক্ষক মহানন্দ চন্দ্র সরকার বলেন, ছাত্রদের বলেছি তোমরা যদি উচ্চতর গণিত পড়তে চাও তাহলে বাড়িতে পড়তে হবে আমরা পড়াতে পারবো না আমাদের শিক্ষক নাই। তাহিরপুর সদর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বোরহান উদ্দিন বলেন, অনেক ছাত্র অভিভাবক আমাদের উচ্চতর গণিত না পড়ানোর বিষয়টি বলেছে, এ বিষয়ে আমাদের দুটি বিদ্যালয়ের প্রধান শিক্ষককে উদ্যোগ নিতে হবে নতুবা আমরা শিক্ষায় পিছিয়ে পড়বে।